দৈনিক ইনকিলাব
শুধু দেশ ও জনগণের পক্ষে
THE DAILY INQILAB

৯ ফেব্রুয়ারি, ২০১৯,

পোশাক শ্রমিকের বেতনের সঙ্গে মিল রেখে বিদেশি ক্রেতাদের, যৌক্তিকভাবে পোশাকের দাম বাড়ানোর আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তা না হলে কারখানা পরিচালনা সম্ভব নয় বলেও মনে করেন তিনি।

বিজিএমইএ ভবনে শনিবার (০৯ ফেব্রুয়ারি) পোশাক খাতের জন্য ডিজিটাল মানচিত্র- ম্যাপড ইন বাংলাদেশের উদ্বোধনী অনুষ্ঠানে এ মন্তব্য করেন মন্ত্রী। এর আগে পোশাক খাতের উদ্যোক্তারা দাবি করেন, গত দশ বছরে শ্রমিক বেতন চারশো ভাগের বেশি বাড়লেও ক্রেতারা পণ্যের দাম বাড়াচ্ছে না।

বিজিএমইএ ও বিকেমইএ'র সহায়তায় ডিজিটাল মানচিত্র তৈরির প্রকল্প বাস্তবায়ন করছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। এখান থেকে বিভিন্ন কারখানার স্বচ্ছ ও বিশ্বাসযোগ্য তথ্য পাওয়া যাবে। থাকবে কলকারখানার, নাম, ঠিকানা, শ্রমিক সংখ্যা ও পণ্যের তথ্য। মানচিত্রের কাজ শেষ হবে ২০২১ সালে।